

আল-কামার | Al-Qamar | الْقَمَر

আয়াতঃ ৫৪ : ৬

আরবি মূল আয়াত:

فَتَوَلَّ عَنْهُمْ يَوْمَ يَدْعُ الدَّاعِ إِلَى شَيْءٍ نُّكْرٍ ﴿٥٤﴾

অনুবাদসমূহ:

অতএব তুমি তাদের থেকে মুখ ফিরিয়ে নাও, সেদিন আহ্বানকারী আহ্বান করবে এক বিভীষিকাময় বিষয়ের দিকে, — আল-বায়ান

কাজেই (হে নবী) তুমি তাদের থেকে মুখ ফিরিয়ে নাও (আর অপেক্ষা কর সে দিনের) যেদিন এক আহ্বানকারী (তাদেরকে) আহ্বান করবে এক ভয়াবহ বিষয়ের দিকে। — তাইসিরুল

অতএব তুমি তাদেরকে উপেক্ষা কর। যেদিন আহ্বানকারী আহ্বান করবে এক ভয়াবহ পরিণামের দিকে। — মুজিবুর রহমান

So leave them, [O Muhammad]. The Day the Caller calls to something forbidding, — Sahih International

৬. অতএব, আপনি তাদের উপেক্ষা করুন। (স্মরণ করুন) যেদিন আহ্বানকারী আহ্বান করবে এক ভয়াবহ পরিণামের দিকে,

তাফসীরে জাকারিয়া

(৬) অতএব তুমি তাদেরকে উপেক্ষা কর। (সেদিনকে স্মরণ কর,) যেদিন আহ্বানকারী (ইস্রাফীল) আহ্বান করবে এক অপ্রিয় বিষয়ের দিকে।[1]

[1] يُكْرُ এর পূর্বে يُكْرُ আছে। অর্থাৎ, স্মরণ কর সেই দিনকে, যেদিন---। (অপ্রিয়) এর অর্থ অত্যন্ত ভয়ঙ্কর ও ভয়াবহ। এ থেকে হাশর প্রান্তরের ও হিসাবের ময়দানের ভয়াবহতা এবং পরীক্ষাকে বুঝানো হয়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=4852>

হাদিসবিভিন্ন প্রজেক্টে অনুদান দিন